# বারো ইমামের অনুসারী শিয়াদের দৃষ্টিতে চার ইমাম (আবু হানিফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ)

বিভাগ/অধ্যায়ঃ অনুবাদকের কথা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

অনুবাদকের কথা

সমস্ত প্রশংসা অনাদি অনন্ত অশেষ অসীম মহান আল্লাহ্ তা‘আলার জন্য। তিনি যাকে ইচ্ছা তাঁর অফুরন্ত রহমতে হেদায়াত দান করেন। আর যাকে ইচ্ছা তাঁর জ্ঞান ও হেকমতের আলোকে পথভ্রষ্ট করেন। যতদিন আকাশে তারা জ্বলবে, গাঙে জোয়ার আসবে, পাখিরা কলরব করবে সে সুদীর্ঘকাল ব্যাপী নবী মুহাম্মদ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের উপর আল্লাহ্ তা‘আলার রহমত ও শান্তি বর্ষিত হোক। তেমনিভাবে রহমত ও শান্তি বর্ষিত হোক তাঁর পরিবার-পরিজন, তাঁর বংশধর ও তাঁর সাহাবীদের প্রতি এবং কিয়ামত পর্যন্ত যারা তাঁদেরকে অনুসরণ করে চলবেন তাদের সকলের প্রতি।

খুলাফায়ে রাশেদার সেই সোনালী যুগের শেষ লগ্নে মুসলিম উম্মাহ্‌র ঐক্য বিনষ্ট করেছে দুটি বাতিল ফেরকা। তাদের একটি ছিল খারেজী, অন্যটি শিয়া। প্রথমটি শাসকের বিরুদ্ধে বিদ্রোহের ঢামাডোল বাজিয়ে এবং দ্বিতীয়টি আহলে বাইতের ব্যাপারে অতিরঞ্জনের মাধ্যমে উম্মাহকে বিভক্ত করে। মূলতঃ এ দুটির কোনটি সঠিক পথ নয়। যেহেতু ইসলাম মধ্যমপন্থার দীন। নয় অতিরঞ্জন, নয় শিথিলায়ন। কালের পিঠে চড়ে উম্মাহ্ অনেক দূর পাড়ি দিলেও আজো আমরা এ দুটি ফেতনার যাঁতাকলে পড়ে পিষ্ঠ হচ্ছি। ইদানিংকালে বিশ্বব্যাপী শিয়া মতবাদের নব উত্থান, নতুন উদ্যম দেখে আসন্ন ভবিষ্যতের ব্যাপারে মন শংকিত হয়ে উঠে। মনে পড়ে যায় ফাতেমীদের দুষ্কর্ম, আর তাতারদের নিষ্ঠুরতার নানা চিত্র। শিয়াদের মধ্যে রয়েছে নানা উপদল। তাদের কোনো উপদলের আকীদা-বিশ্বাসই গোমরাহী মুক্ত নয়। তদুপরি বর্তমান সময়ে বিশ্বব্যাপী প্রভাববিস্তারকারী বারো-ইমামের মতবাদে বিশ্বাসী হওয়ার দাবীদার শিয়াদের এ উপদলটির আকীদা-বিশ্বাস অত্যন্ত জঘন্য এবং সম্পূর্ণ কুরআন-সুন্নাহ্ বিরোধী। যার ফলে আহলে সুন্নাত ওয়াল জামায়াতের সাথে তাদের শত্রুতা সবসময় তুঙ্গে এবং হানাফী, মালেকী, শাফেয়ী ও হাম্বলী মাযহাবের ইমামরা তাদের সবচেয়ে বড় শত্রু। বিগত কয়েক বছর ধরে ইউরোপ, আফ্রিকা এবং মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বারো-ইমামের অনুসারী হওয়ার দাবীদার (ইমামিয়া) শিয়াদের তোড়জোড় ব্যাপকভাবে দেখা যাচ্ছে। মধ্যপ্রাচ্যের দেশগুলোতে অভিবাসী হিসেবে আসা সুন্নী মুসলিমরা এই শিয়াদের দ্বারা নানাভাবে বিভ্রান্ত হচ্ছে। ‘তাকিয়া’ দর্শনকে কাজে লাগিয়ে, মিথ্যার আশ্রয় নিয়ে তারা নিরীহ, সরলপ্রাণ, সাধারণ মুসলিমকে হরহামেশা বিভ্রান্ত করে থাকে। তাই তাদের বিশ্বাস ও ধ্যান-ধারণা সম্পর্কে সর্বসাধারণকে অবহিত করা এখন সময়ের দাবী। শায়খ খালেদ ইবন আহমাদ আয-যাহরানী তার “মাওকিফুশ শিয়া আল ইসনা আশারিয়া মিনাল আয়িম্মাতিল আরবা‘আ” গ্রন্থে আবু হানীফা, মালেক, শাফেয়ী ও আহমাদ ইবন হাম্বল রাহিমাহুমুল্লাহর ব্যাপারে বারো-ইমামের অনুসারী হওয়ার দাবীদার শিয়াদের দৃষ্টিভঙ্গি দলীল-প্রমাণসহ অত্যন্ত সুন্দরভাবে তুলে ধরেছেন। সে মূল্যবান গ্রন্থটি বঙ্গানুবাদ করে পাঠকের হাতে সোপর্দ করলাম। বন্ধুবর মাসউদুর রহমান নূর বইটির প্রুফ দেখে দিয়ে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন। আল্লাহ্ তাকে উত্তম প্রতিদান দিন। সুধী পাঠক বইটি পড়ে উপকৃত হলে আমাদের শ্রম সার্থক হবে। আল্লাহ্ তাআলা এই আমলটুকুকে কবুল করে নিন এবং আমাদের সকলকে তাঁর

হেদায়েতের উপর অটল রাখুন। আমীন।

মুহাম্মদ নূরুল্লাহ্ তারীফ

মদীনা মোনাওয়ারা

১৬ শাওয়াল, ১৪২৯ হিজরী

Source — https://www.hadithbd.com/books/link/?id=9862

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন